

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/প্রশা:/২০২৬/১৬

তারিখ: ২৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: “সাইবার নিরাপত্তা” বিষয়ে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে


সূত্র: স্মারক নং-৫৬.০৪.২৭৬৪.০০০.২৫.০০১.২৪.৪১


তারিখ: ০৬ জানুয়ারি ২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, দিনাজপুর সরকারি কলেজের ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতীয় সাইবার নিরাপত্তা এজেন্সি (এনসিএসএ) কর্তৃক দেশের শিক্ষক, শিক্ষার্থী, সরকারি কর্মকর্তা ও বিভিন্ন শ্রেণীর নাগরিকদের সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে দেশব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছে। দিনাজপুর সরকারি কলেজের স্নাতক (পাস), স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে যারা উক্ত প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে আগামী ০৮/০১/২০২৬ তারিখ বেলা ১১:৩০ টায় জীববিজ্ঞান ভবনের কক্ষ নম্বর: ৫১০২ এ প্রাক বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে বলা হলো। সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত নির্বাচিত ২০ (বিশ) জন শিক্ষার্থীকে ১ম ব্যাচে ০৫ (পাঁচ) দিনব্যাপী প্রশিক্ষণ দেওয়া হবে।

উল্লেখ্য যে, শিক্ষার্থীদের বাছাইয়ের জন্য বর্ণিত <https://icampus.ncsa.gov.bd> লিংকে প্রবেশের মাধ্যমে সাইন আপ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

সংযুক্তি: “সাইবার নিরাপত্তা” বিষয়ে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজনের কপি

প্রতিষ্ঠানকর্তা

(প্রফেসর মোঃ লুৎফুর রহমান)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর


০৭.০১.২০২৬
(প্রফেসর মো. শাহাদাত হোসেন)
আহ্বায়ক
আইসিটি কমিটি
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
২. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর (শিক্ষার্থীদের অবহিতকরণের অনুরোধসহ)
৩. অফিস কপি



পপপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, দিনাজপুর সদর, দিনাজপুর
www.doict.dinajpursadar.dinajpur.gov.bd



স্মারক নংঃ ৫৬.০৪.২৭৬৪.০০০.২৫.০০১.২৪.৪১

তারিখঃ ২২ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২৫ খ্রিঃ

বিষয়: "সাইবার নিরাপত্তা" বিষয়ে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

সূত্রঃ সূত্রঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রশাসন শাখার ২৪ অক্টোবর ২০২৫ তারিখের স্মারক নং-
৫৬.০৪.০০০০.০০০.০০৮.২.০০২.২১.২১৬৭;

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় সাইবার নিরাপত্তা এজেন্সি (এনসিএসএ) কর্তৃক দেশের শিক্ষক, শিক্ষার্থী, সরকারি কর্মকর্তা ও বিভিন্ন শ্রেণীর নাগরিকদের সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে দেশব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে দিনাজপুর সদর উপজেলার শিক্ষার্থীদের অংশগ্রহণে ১ম ব্যাচ শীগ্রই শুরু হবে। উক্ত প্রশিক্ষণে ২০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণের সুযোগ পাবেন। আপনার প্রতিষ্ঠান থেকে শিক্ষার্থী বাছাইয়ের জন্য নিম্নোক্ত <https://icampus.ncsa.gov.bd/> লিংকে প্রবেশের মাধ্যমে সাইন আপ করে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। উক্ত লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করার পর সাইন ইন করে অনলাইন তিত্তিক প্রাক বাছাই (pre-assessment) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার মাধ্যমে ২০ (বিশ) জন শিক্ষার্থীকে চূড়ান্তভাবে প্রশিক্ষণের জন্য মনোনয়ন প্রদান করা হবে। ০৫ (পাঁচ) দিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রমের জন্য প্রশিক্ষণার্থীদের ব্যাপ, নাশ্তা ও দুপুরের খাবারের ব্যবস্থা থাকবে। এই প্রশিক্ষণের মাধ্যমে আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা সাইবার হুমকিসমূহ, সাইবার নিরাপত্তা প্রয়োজনীয় সকল পদক্ষেপ, টুলস ও করণীয় সম্পর্কে বিস্তারিত জ্ঞান অর্জন করতে পারবে এবং প্রশিক্ষণ শেষে সনদপ্রাপ্ত হবে যা তার পরবর্তী জীবনে ক্যারিয়ার গঠনে ভূমিকা পালন করবে।

এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানের প্রশিক্ষণার্থী বাছাই করে চূড়ান্ত মনোনয়নের সকল কার্যক্রম সম্পন্ন করার পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৬.০১.২০২৬

মোঃ ফারহান নওরোজ নূর
উপজেলা আইসিটি অফিসার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, দিনাজপুর সদর, দিনাজপুর।
farhan.ap.doict@gmail.com

প্রাপকঃ

অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ

দিনাজপুর সদর, দিনাজপুর।

সদয় অবগতি / কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

২) মহাপরিচালক (যুগ্মসচিব), জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সি, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৩) প্রকল্প পরিচালক, Enhancing Digital Government & Economy (EDGE) শীর্ষক প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৪) জেলা প্রশাসক, দিনাজপুর।

৫) উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর।

৬) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর।

৭) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা- ১২০৭ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮) অফিস কপি।